

West Bengal State University**B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2014****PART-III****HISTORY – Honours****Paper– VIII****(New syllabus and Old syllabus)**

Duration : 4 Hours

Full Marks : 100

*Candidates are required to give their answers in their own words as far as practicable.**The figures in the margin indicate full marks.*

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রাস্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

(New syllabus)Answer Question No. 1 and any *four* of the rest.

১ নং প্রশ্ন এবং অন্য যে-কোন চারটি প্রশ্নের উত্তর দিন।

Group - A

বিভাগ - ক

1. Answer any *four* of the following questions :

4 × 5 = 20

যে-কোন চারটি প্রশ্নের উত্তর দিন :

a) Write a short note on Confucianism.

কনফুসিয়বাদের উপর একটি সংক্ষিপ্ত টীকা লিখুন।

b) Write briefly on the central administrative system of the Ching rulers in China.

চীনে চিং রাজাদের শাসনকালে কেন্দ্রীয় প্রশাসনিক ব্যবস্থা সম্পর্কে সংক্ষিপ্তভাবে লিখুন।

- c) Write a short note on the 'White Lotus Society'.
 'শ্বেতপদ্ম সমিতি' সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা লিখুন।
- d) Why did the 'Hundred Days Reform Movement' fail?
 'শত দিবসের সংস্কার আন্দোলন' ব্যর্থ হয়েছিল কেন?
- e) What was the chief feature of the Boxer Movement?
 বক্সার বিদ্রোহের মুখ্য বৈশিষ্ট্য কি ছিল?
- f) Determine the status of the Daimyos of pre-restoration Japan.
 প্রাক-পুনঃস্থাপন জাপানে ডাইমিয়োগের পদমর্যাদা নির্ণয় করুন।
- g) Write a note on the Treaty of Simonoseki.
 সিমেনোসেকি'র চুক্তি সম্বন্ধে একটি টীকা লিখুন।
- h) What was the significance of the Anglo-Japanese alliance of 1902.
 1902 খ্রীষ্টাব্দের ইঙ্গ-জাপান মৈত্রীর তাৎপর্য কি ছিল?

Group-B
 বিভাগ - খ

Answer any four of the following questions :

4 × 20 = 80

নিম্নলিখিত যে-কোন চারটি প্রশ্নের উত্তর দিন :

2. Discuss the role of gentry in pre-modern China.
 প্রাক-আধুনিক চীনে জেণ্ট্রীর ভূমিকা আলোচনা করুন।
3. Discuss the characteristics of the Canton Trade System. How did the system collapse?
 8 + 12
 ক্যান্টন বাণিজ্য ব্যবস্থার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। এই ব্যবস্থায় কিভাবে ভাঙ্গন ধরেছিল?

4. Critically analyse the socio-economic causes responsible for the origin of the Taiping rebellion. Do you think internal contradictions were responsible for the ultimate failure of the rebellion ?

তাইপিং বিদ্রোহের পশ্চাতে আর্থ-সামাজিক কারণগুলি সমালোচনামূলকভাবে ব্যাখ্যা করুন। আপনি কি মনে করেন অভ্যন্তরীণ দ্বন্দ্ব এই বিদ্রোহের চূড়ান্ত ব্যর্থতার জন্য দায়ী ?

5. Discuss the nature and limitations of the 'self-strengthening movement'.

'আত্মশক্তি আন্দোলনের' প্রকৃতি ও সীমাবদ্ধতা আলোচনা করুন।

6. Discuss the ideological origins of the Republican Revolution of 1911. What was the role of Sun Yatsen ? 10 + 10

1911-এর গণপ্রজাতন্ত্রী বিপ্লবের আদর্শগত পটভূমিকা আলোচনা করুন। এই বিপ্লবে সান ইয়াংসেনের ভূমিকা কি ছিল ?

7. What were major factors that weakened the base of Tokugawa power before the arrival of Commodore Perry ? What were the immediate causes of the downfall of the Tokugawa Shogunate ? 10 + 10

কি কি প্রধান কারণে কমোডর পেরির আগমনের পূর্বে টোকুগাওয়া সাম্রাজ্যের অবক্ষয়ের সূচনা হয়েছিল ? টোকুগাওয়া শোগুনতন্ত্রের পতনের তাৎক্ষণিক কারণগুলি ব্যাখ্যা করুন।

8. Examine the nature of Meiji Restoration. Was it a real restoration ?

মেইজি পুনঃস্থাপনের প্রকৃতি বিচার করুন। এটি কি যথার্থ পুনঃস্থাপন ছিল ?

9. Discuss the salient features of Japan's constitution of 1889. How would you define its character ? 12 + 8

1889 সালের জাপানের সংবিধানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। সংবিধানের প্রকৃতি আপনি কিভাবে নির্ধারণ করবেন ?

10. Discuss the reasons and reactions of Japanese takeover of Manchuria in 1931-1932.

1931-1932 এ জাপান কর্তৃক ম্যান্চুরিয়া অধিগ্রহণের কারণ ও প্রতিক্রিয়া আলোচনা করুন।

(Old syllabus)

Answer Question No. 1 and any four of the rest.

১ নং প্রশ্ন এবং অন্য যে-কোন চারটি প্রশ্নের উত্তর দিন।

Group - A

বিভাগ - ক

1. Answer any four of the following questions :

4 × 5 = 20

যে-কোন চারটি প্রশ্নের উত্তর দিন :

- a) Why was Reparation considered as a problem ?

ক্ষতিপূরণ কেন সমস্যা হিসাবে বিবেচিত হয়েছিল ?

- b) How did Mussolini come to power in Italy ?

ইটালীতে মুসোলিনী কিভাবে ক্ষমতায় আসে ?

c) What was the implication of Spanish Civil War in international politics ?

আন্তর্জাতিক রাজনীতিতে স্পেনের গৃহযুদ্ধের তাৎপর্য কি ছিল ?

d) Analyse the developments leading to the Japanese attack on Pearl Harbour.

কোন ঘটনা প্রবাহে জাপান পার্ল হারবার আক্রমণ করে তা বিশ্লেষণ করুন ।

e) What was India's role in the Korean War ?

কোরীয় যুদ্ধে ভারতের ভূমিকা কি ছিল ?

f) Write a short note on Suez Crisis.

সুয়েজ সংকট-এর উপর একটি সংক্ষিপ্ত টীকা লিখুন ।

g) Write a short note on the Prague Spring of Czechoslovakia in 1968.

1968-র চেকোস্লোভাকিয়ার ক্ষণিক বসন্তের উপর সংক্ষিপ্ত টীকা লিখুন ।

h) Analyse the impact of 'Glasnost' and 'Perestroika' on Eastern Europe.

পূর্ব ইউরোপে 'গ্লাসনস্ত' এবং 'পেরেস্ট্রোইকা'-র প্রভাব বিচার করুন ।

Group-B

বিভাগ - খ

Answer any four of the following questions :

4 × 20 = 80

যে-কোন চারটি প্রশ্নের উত্তর দিন :

2. Do you think that the Treaty of Versailles (1919) was a 'dictated peace' ?

আপনি কি মনে করেন 1919 সালের ভাসাই চুক্তি 'আরোপিত শান্তি' ছিল ?

3. How do historians explain the roots of appeasement ? Was the policy of appeasement justified ? 8 + 12

ঐতিহাসিকেরা কিভাবে তোষণনীতির মূল ব্যাখ্যা করেছেন ? তোষণনীতি কি যৌক্তিক ছিল ?

4. What is meant by the term 'Cold War' ? Was it essentially a clash between two contending ideologies ? 6 + 14

'ঠাণ্ডা লড়াই' বলতে কি বোঝেন ? একে কি মূলতঃ দুটি বিবাদমান মতাদর্শের সংঘাত বোঝায় ?

5. Analyse different political and ideological trends in the emergence of the 'Third World'.

তৃতীয় বিশ্বের উত্থানে বিভিন্ন রাজনৈতিক ও আদর্শগত ধারাগুলি বিশ্লেষণ করুন ।

6. How did the French Colonial empire collapse in Indo-China ? Examine the significance of the 1954 settlement in this context. 10 + 10

ইন্দো-চীনে কিভাবে ফরাসী ঔপনিবেশিক সাম্রাজ্য ভেঙে পড়েছিল ? এই প্রসঙ্গে 1954 সালের ব্যবস্থার তাৎপর্য বিশ্লেষণ করুন ।

7. How did the Palestine problem influence Arab nationalism ?

প্যালেস্টাইন সমস্যা আরব জাতীয়তাবাদকে কিভাবে প্রভাবিত করেছিল ?

8. How did the German reunification take place after the fall of the Berlin Wall ?

বার্লিন প্রাচীরের পতনের পর জার্মানী কিভাবে পুনরায় ঐক্যবদ্ধ হয় ?

9. Trace the development of Sino-American rapprochement from the second half of the 1960's.

1960-এর দশকের দ্বিতীয়ার্ধে চীন-আমেরিকার মৈত্রীর অগ্রগতি সম্পর্কে লিখুন।

10. Discuss the process of unipolarisation in World Politics after the end of the Cold War.

ঠাণ্ডা লড়াই-এর অবসানের পর বিশ্ব রাজনীতির একমেরুকরণ নিয়ে আলোচনা করুন।
